

## স্নাতকোত্তর পরীক্ষা-২০১৮

## বাংলা

## প্রথম সেমেস্টার

## (বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস)

পত্র : MBENCCT102

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $৮ \times ৩ = ২৪$
- ক) প্রাক-চৈতন্য যুগের বাংলা সাহিত্য-সংস্কৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- খ) তোমাদের পাঠ্য 'কাতা তরুণের পঞ্চ বি ডাল' (১নং) পদটির গুরুত্ব পর্যালোচনা করো।
- গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে বাঙালির সামাজিক ও পারিবারিক জীবনের কথা যেভাবে বিধৃত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

ঘ) তোমাদের পাঠ্য 'বংশীখন্ড' ও 'রাধাবিরহ' অংশে বড়ায়ি চরিত্রের ভূমিকা নির্ণয় করো।

ঙ) 'লঙ্কাকাণ্ডে ইন্দ্রজিৎবধ উপাখ্যান।'— ইন্দ্রজিৎবধ উপাখ্যানটি লেখো।

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$
- ক) চৈতন্য পরবর্তী বাংলা সাহিত্যের বৈচিত্র্যগুলি উল্লেখ করো।
- খ) পাঠ্য চর্যাপদ অবলম্বনে সমাজচিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে নাটকীয়তার বৈশিষ্ট্যগুলি লেখো।
- ঘ) কৃষ্ণিবাসের রামায়ণের অরণ্যকাণ্ডে উল্লিখিত নারী চরিত্রগুলির মূল্যায়ন করো।
- ৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৩ = ৬$
- ক) কোন্ সামাজিক পটভূমিতে মঙ্গলকাব্যগুলি রচিত হয়?
- খ) চর্যাপদের তিব্বতী অনুবাদ ও অনুবাদকের নাম লেখো।
- গ) ভাষাতাত্ত্বিক টীকা লেখো : পইঠো।
- ঘ) বংশীখন্ডে উল্লিখিত দু'টি রাগরাগিনীর নাম লেখো।
- ঙ) 'লঙ্কাকাণ্ডে গাইল গীত শুক সারণ উপাখ্যান।'— শুক ও সারণ কে ছিলেন?